গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

প্রশাসন-২ শাখা

কোর কমিটির ২য় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো: নূরুল আমিন<br>সচিব |
| সভার তারিখ | ০৯ সেপ্টেম্বর, ২০১৯ |
| সভার সময় | বিকাল ৪.০০ ঘটিকা |
| স্থান | সচিব মহোদয়ের সম্মেলন কক্ষ (ব্লক-৪, কক্ষ-৬) |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক"। |

সভাপতি সভায় আগত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিগত ১৯.০৮.২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোন রূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় কার্যপত্র মোতাবেক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**২.০ একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনার প্রকাশনা:**

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা/অনুশাসনমালার সমন্বয়ে প্রস্তুতকৃত খসড়া পুস্তিকাটির বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে জানা যায় যে, বর্তমানে পুস্তিকাটি মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক সদয় অবলোকনের নিমিত্ত তাঁর দপ্তরে রয়েছে। সভাপতি বলেন যে, মাননীয় মন্ত্রীর সদয় অবলোকনের পর তাঁর নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন সাপেক্ষে পুস্তিকাটি চূড়ান্ত করে প্রকাশ করা হবে। | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা/অনুশাসনমালার সমন্বয়ে প্রস্তুতকৃত পুস্তিকাটি মাননীয় মন্ত্রী কর্তৃক সদয় অবলোকনের পর প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন সাপেক্ষে পুস্তিকাটি চূড়ান্ত প্রকাশের ব্যবস্থা করতে হবে। | প্রধান এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ পরিকল্পনা বিভাগ। |

**৩.০ ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশনা:**

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| বার্ষিক প্রতিবেদন প্রকাশের বিষয়ে যুগ্মসচিব (সমন্বয়) সভাকে জানান যে, গত কোর কমিটির সিদ্ধান্ত মোতাবেক পরিকল্পনা কমিশন/বিভাগের অবশিষ্ট উইং/শাখা হতে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কার্যাবলীর তথ্যাদি তথ্য সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত তথ্যাদির সমন্বয়ে পুস্তিকা প্রণয়নের কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে পুস্তিকা প্রকাশনার জন্য একটি সম্পাদনা কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি পুস্তিকাটির খসড়া প্রস্তুত করে প্রকাশনা কমিটির নিকট দাখিল করবে। সভায় প্রতিবেদনটিতে Fast track প্রকল্পসমূহের ২০১৮-১৯ অর্থবছরের অগ্রগতি শতকরা (%) হিসেবে প্রদর্শনের বিষয়ে ঐক্যমত পোষণ করা হয়।<br>সভাপতি মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশনের সদস্য এবং সচিব মহোদয়ের বাণী অন্তর্ভূক্ত করে এবং গুরুত্বপূর্ণ প্রকল্পের ছবি ও গ্রাফ ব্যবহার করে ১৫.১০.২০১৯ খ্রি: তারিখের মধ্যে বার্ষিক প্রতিবেদনটি আকর্ষণীয়ভাবে প্রকাশনার সর্বাত্মক চেষ্টা করার অনুরোধ করেন। | (ক) মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রনালয়, সচিব, পরিকল্পনা বিভাগ ও সদস্য (সকল), পরিকল্পনা কমিশন এর বাণী অন্তর্ভূক্ত করে এবং গুরুত্বপূর্ণ প্রকল্পসহ প্রয়োজনীয় ছবি ও গ্রাফ দিয়ে<br>আকর্ষনীয় ১৫.১০.২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বার্ষিক প্রতিবেদনটি প্রকাশ করতে হবে;<br><br>(খ) প্রতিবেদনটিতে Fast track প্রকল্পসমূহের ২০১৮-১৯ অর্থবছরের অগ্রগতি শতকরা (%) হিসেবে প্রদর্শন করতে হবে। | সভাপতি প্রকাশনা কমিটি পরিকল্পনা বিভাগ। |

**৪.০ “উন্নয়নশীল দেশের পথে বাংলাদেশ” বিষয়ক প্রকাশনা:**

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| “উন্নয়নশীল দেশের পথে বাংলাদেশ” শীর্ষক পুস্তিকা প্রকাশনার বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উক্ত পুস্তিকা প্রণয়নের জন্য গঠিত কমিটির আহবায়ক ড. উত্তম কুমার দাশ, উপসচিব (এসএসআরসি) সভাকে জানান যে, খসড়া পুস্তিকা প্রণয়ন করে বর্তমানে তা পরিমার্জনের কাজ চলছে। অচিরেই তা মাননীয় মন্ত্রী মহোদয় ও সচিব মহোদয়ের কাছে সদয় অবলোকনের জন্য উপস্থাপন করা হবে এবং পরবর্তী নির্দেশনা মোতাবেক তা সংশোধনপূর্বক চূড়ান্তকরণ করা হবে। | মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের নিকট খসড়া পুস্তিকাটি সদয় অবলোকনের জন্য উপস্থাপন করতে হবে এবং পরবর্তী নির্দেশনা মোতাবেক তা সংশোধনপূর্বক তা চূড়ান্ত করে প্রকাশনার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আহবায়ক “উন্নয়নশীল দেশের পথে বাংলাদেশ” পুস্তিকা প্রণয়ন শীর্ষক কমিটি পরিকল্পনা বিভাগ |

**৫.০ পরিকল্পনা মন্ত্রণালয়ের ভিডিও ডকুমেন্টারি:**

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন যে, পরিকল্পনা মন্ত্রণালয়ের ভিডিও ডকুমেন্টারির একটি প্রাথমিক খসড়া ইতোমধ্যে তৈরি করে পরিকল্পনা বিভাগে জমা প্রদান করা হয়েছে। সভাপতির সদয় অনুমোদনক্রমে সভায় খসড়া ভিডিও ক্লিপটি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়। সভায় প্রস্তুতকৃত খসড়া ভিডিও প্রদর্শিত হওয়ার পর ভিডিও ক্লিপটির বিভিন্ন অংশ নিয়ে আলোচনা হয় এবং পরবর্তীতে আরেকটি সভার মাধ্যমে ভিডিও ক্লিপটি সংশোধন, সংযোজন ও অর্থবহ করে তোলার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | পরিকল্পনা মন্ত্রণালয়ের ভিডিও ডকুমেন্টারির সংক্রান্ত খসড়া ভিডিও ক্লিপ বিষয়ে আরেকটি সভা আহবানের মাধ্যমে ভিডিও ক্লিপের ত্রুটি-বিচ্যুতি সংশোধন, সংযোজন ও অর্থবহ করে তোলার বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ |

**৬.০ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ভিডিও চিত্র প্রকাশনা:**

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ভিডিও চিত্র প্রকাশনা সংক্রান্ত গঠিত উপ-কমিটির আহবায়ক ও প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ সভাকে জানান যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে যে ভিডিও চিত্র প্রকাশনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত ভিডিও চিত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৫ অনুযায়ী পরিকল্পনা কমিশন গঠন ও ঘোষণা সংক্রান্ত ভিডিও ক্লিপ এবং বঙ্গবন্ধু যে সকল প্রকল্প উদ্বোধন অথবা পরিদর্শন করেছেন সেগুলোর ক্লিপ সংগ্রহপূর্বক সংযোজন করা হবে। তাছাড়া সরকারী কর্মকর্তাদের উদ্দেশ্যে বঙ্গবন্ধু কর্তৃক প্রদত্ত দিক-নির্দেশনাবলী সম্বলিত ভিডিও চিত্র ক্লিপে অন্তর্ভূক্তির বিষয়ে সভায় আলোচনা হয়। ভিডিও ক্লিপে প্রথম একনেক কমিটি, প্রথম নিয়োগপ্রাপ্ত সদস্যগণের তথ্যাদি ও প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার মুখবন্ধসহ অন্যান্য তথ্যাদি অন্তর্ভূক্ত করার বিষয়ে ঐক্যমত পোষণ করা হয়।<br>সভাপতি বলেন যে, ভিডিও ক্লিপে বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনাগুলোকে মূল বিবেচ্য বিষয় হিসেবে রাখতে হবে।<br>তাছাড়া ভিডিও ক্লিপের মূল অংশ নিয়ে ও স্থিরচিত্রের প্রতি গুরুত্বারোপ করে পুস্তিকা প্রকাশ করতে হবে মর্মে সভাপতি মতামত ব্যক্ত করেন। | (ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৫ অনুযায়ী পরিকল্পনা কমিশন গঠন ও ঘোষণা সংক্রান্ত ভিডিও ক্লিপ এবং বঙ্গবন্ধু জীবিত অবস্থায় যে সকল প্রকল্প উদ্বোধন অথবা পরিদর্শন করেছেন সেগুলোর ক্লিপ সংগ্রহপূর্বক সংযোজন করা হবে। তাছাড়া সরকারী কর্মকর্তাদের উদ্দেশ্যে বঙ্গবন্ধু কর্তৃক প্রদত্ত দিক-নির্দেশনাবলী সম্বলিত ভিডিও চিত্র ক্লিপে অন্তর্ভূক্ত করতে হবে;<br><br>(গ) প্রথম একনেক কমিটি, প্রথম নিয়োগপ্রাপ্ত সদস্যগণের তথ্যাদি ও প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার মুখবন্ধসহ অন্যান্য তথ্যাদি অন্তর্ভূক্ত করে ভিডিও ক্লিপটি প্রণয়ন করতে হবে ;<br><br>(খ) ভিডিও ক্লিপের মূল অংশ নিয়ে ও স্থিরচিত্রের প্রতি গুরুত্বারোপ করে পুস্তিকা প্রকাশ করতে হবে। | আহবায়ক 'বঙ্গবন্ধু ও পরিকল্পনা কমিশন' নাম ডকুমেন্টেশন তৈরী এবং পুস্তিকা প্রকাশ উপকমিটি |

## ৭.০ ই-নথির বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক আলোচনা:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ই-নথির বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে জানান যে, গত ০৮.০৯.২০১৯ খ্রিঃ তারিখ হতে তাঁর অধীনস্থ শাখা/অধিশাখাসমূহ হতে আর্থিক বিষয় জড়িত কার্যক্রমসমূহের নথি ব্যতিত সকল বিষয় ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করা হচ্ছে। তিনি আরও বলেন যে, ই-নথি ব্যবহারের ক্ষেত্রে যে সকল সমস্যার সম্মুখীন হতে হয় তা সমাধানের নিমিত্ত এটুআই এবং বিটিসিএল এর প্রতিনিধির উপস্থিতিতে প্রশাসন অনুবিভাগের শাখাপর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে পর পর ০২টি সভা করা হয়েছে।<br>সভাপতি ই-নথিতে পিছিয়ে থাকা বিভাগ/অনুবিভাগ/শাখাসমূহকে নথি ব্যবস্থাপনায় বেশি মনোযোগী হওয়ারও অনুরোধ করেন। | ক) আর্থিক বিষয় জড়িত কার্যক্রমসমূহের নথি ব্যতিত সকল বিষয় ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করতে হবে;<br><br>খ) ই-নথি ব্যবস্থাপনায় পিছিয়ে থাকা বিভাগ/অনুবিভাগ/শাখা সমূহকে ই-নথিতে আরো বেশি নথি উপস্থাপন করতে হবে। | সকল কর্মকর্তা/কর্মচারী পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশন |

## ৮.০ জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপন:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| আগামী ১৭ মার্চ, ২০২০ পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে পালন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। দিনটিকে স্মরণীয় করে রাখার জন্য গঠিত উপকমিটিকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি অনুরোধ করেন। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী বিপুল উৎসাহ ও উদ্দীপনায় পরিকল্পনা বিভাগ ও কমিশনে উদযাপন করতে হবে। এ লক্ষ্যে গঠিত উপকমিটি প্রয়োজনীয় সুপারিশ সচিব মহোদয়ের নিকট পেশ করবেন। | আহ্বায়ক<br>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন এবং মুজিব বর্ষে বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপনের নিমিত্ত বাস্তবায়ন উপ-কমিটি<br>পরিকল্পনা বিভাগ |

**০৯. বাসা বরাদ্দ, প্রকল্পের মালামাল বুঝে নেওয়া, শহীদ মিনার এবং ডকুমেন্টেশন সেন্টার প্রতিষ্ঠা সংক্রান্ত বিবিধ আলোচনা:**

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভাপতি বাসা বরাদ্দের বিষয়ে জানতে চাইলে অতিরিক্ত সচিব (সাধারণ ও সমন্বয়) সভাকে জানান যে, বাসা বরাদ্দ সংক্রান্ত কমিটির ০২.০৯.২০১৯ খ্রিঃ তারিখের সুপারিশের ভিত্তিতে বাসা বরাদ্দ প্রদানের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। নথি সদয় অনুমোদনের পর বাসা বরাদ্দ প্রদান করা হবে। সভাপতি যত দ্রুত সম্ভব বাসা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন।<br>তাছাড়া সভায় প্রকল্পের মালামাল বুঝে নেওয়া, শহীদ মিনার এবং ডকুমেন্টেশন সেন্টার প্রতিষ্ঠা সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। অতিরিক্ত সচিব (সাধারণ ও সমন্বয়) বলেন যে, পিডাব্লিউডি এর সাথে আলোচনা হয়েছে আশা করি অচিরেই এর সমাধান হবে।<br>শহীদ মিনার প্রতিষ্ঠার ক্ষেত্রে সভাপতি জানান যে, গণপূর্ত বিভাগ হতে প্রাপ্ত নকশা ও বাজেট মন্ত্রী মহোদয়ের নিকট উপস্থাপন করা হয়েছে। মন্ত্রী মহোদয় বাজেট কমিয়ে তা উপস্থাপনের সদয় নির্দেশনা প্রদান করেছেন এবং ডকুমেন্টেশন সেন্টারের অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাকে গণপূর্ত বিভাগ এর সাথে যোগাযোগ রাখার জন্য অনুরোধ করেন। | ক) বাসা বরাদ্দ সংক্রান্ত নথি অনুমোদনের পর স্বল্প সময়ের মধ্যে পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের নামে বাস বরাদ্দের সরকারী আদেশ জারী করতে হবে;<br><br>খ) পরিকল্পনা কমিশন চত্বরে মসজিদ ও গণপূর্ত উপ-বিভাগীয় প্রকৌশলীর অফিস ভবন নির্মাণ শীর্ষক সমাপ্ত প্রকল্পের মালামাল গণপূর্ত উপ-বিভাগ-২ হতে বুঝে নিতে হবে;<br><br>গ) পরিকল্পনা কমিশন চত্বরে শহীদ মিনার নির্মাণ ক্ষেত্রে প্রাক্কলিত বাজেট আরও কমিয়ে তা মন্ত্রী মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে। তাছাড়া ডকুমেন্টশন সেন্টার নির্মাণের জন্য গণপূর্ত বিভাগের সাথে যোগাযোগ করে কাজটি ত্বরান্বিত করতে হবে। | অতিরিক্ত সচিব (সাধারণ ও সমন্বয়) পরিকল্পনা বিভাগ |

**১০.০ দশ (১০) বছরের উন্নয়ন ও অগ্রগতি সংক্রান্ত পুস্তিকা প্রকাশ:**

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভাপতি, পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের বিগত ১০ বছরের উন্নয়ন ও অগ্রগতি নিয়ে একটি পুস্তিকা প্রণয়ন করার প্রস্তাবনা রাখলে সবাই উপস্থিত সকলেই তাঁর প্রস্তাবনাকে স্বাগত জানান। বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনা শেষে অতিরিক্ত সচিব (বাজেট)-কে আহ্বায়ক করে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। পরিকল্পনা বিভাগের সমন্বয় শাখা হতে এ সংক্রান্ত কমিটি গঠন করার পর পুস্তিকা প্রণয়ন কাজ আরম্ভ করা হবে। | পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের বিগত ১০ বছরের উন্নয়ন ও অগ্রগতি সংক্রান্ত পুস্তিকা প্রণয়নের বিষয়ে অতিরিক্ত সচিব (বাজেট)-কে আহ্বায়ক করে সমন্বয় শাখা একটি কমিটি গঠন করবে। | অতিরিক্ত সচিব (বাজেট/সাধারণ ও সমন্বয়) পরিকল্পনা বিভাগ |

১১.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করেন।

মো: নূরুল আমিন
সচিব

স্মারক নম্বর: ২০.০০.০০০০.৩০৩.১৬.৪৩২.১৯.৯৮৮

তারিখ: ৩ আশ্বিন ১৪২৬
১৮ সেপ্টেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) প্রধান (সংযুক্ত), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
২) উপসচিব, সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ
৩) উপ সচিব, প্রটোকল শাখা, পরিকল্পনা বিভাগ
৪) সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ
৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিকল্পনা বিভাগ
৬) অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭) প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৮) যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।

মোছা: জেসমুন নাহার
উপসচিব